# জামায়াতের কারণেই আ.লীগ মিছিলের সাহস পাচ্ছে: রাশেদ খান




রাশেদ খান। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামীর কারণেই নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা দেশের বিভিন্ন স্থানে মিছিল করার সাহস পাচ্ছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খান।

শনিবার (১২ সেপ্টেম্বর) ঝিনাইদহে ডেঙ্গু প্রতিরোধে সরকারের তিন মাসের কর্মসূচির উদ্বোধন ও সচেতনতামূলক র‍্যালি শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

রাশেদ খান বলেন, সম্প্রতি গুলশানে আওয়ামী লীগের মিছিলের পেছনে জামায়াতের সঙ্গে গোপন যোগাযোগ থাকতে পারে। ১৯৯৬ সালে আওয়ামী লীগ ও জামায়াত বিএনপি সরকারের বিরুদ্ধে একসঙ্গে আন্দোলন করেছিল উল্লেখ করে তিনি বলেন, এবারও জামায়াতের কারণেই আওয়ামী লীগ রাজপথে নামার সাহস পাচ্ছে।

তিনি বলেন, জামায়াতের কয়েকজন প্রভাবশালী নেতা বিভিন্ন বক্তব্যে আওয়ামী লীগ রাজনীতিতে ফিরলে আপত্তি না থাকার কথা জানিয়েছেন। তবে দেশের মানুষ আওয়ামী লীগের রাজনীতি আর গ্রহণ করবে না বলেও মন্তব্য করেন তিনি।

LENS ASIA

বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে জনগণের মতামত ও প্রত্যাশাকে গুরুত্ব দেওয়া হচ্ছে জানিয়ে রাশেদ খান বলেন, রাজনৈতিক কর্মকাণ্ডে জনগণের আস্থা ও সমর্থন গুরুত্বপূর্ণ।

এর আগে ঝিনাইদহ জেলা প্রশাসনের উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে আয়োজিত সচেতনতামূলক র‍্যালিতে অংশ নেন তিনি। র‍্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এ সময় বাড়ির আশপাশ পরিষ্কার রাখা ও এডিস মশার প্রজননস্থল ধ্বংসের ওপর গুরুত্ব দেওয়া হয়।

সরকারের তিন মাসের ডেঙ্গু প্রতিরোধ কর্মসূচির আওতায় বিভিন্ন এলাকায় পরিচ্ছন্নতা ও জনসচেতনতামূলক কার্যক্রম চালানোর কথা জানানো হয়েছে।